২১৬. কোন হরমোনটি মানসিক চাপ থেকে পরিত্রাণে সাহায্য করে? (অনুধাবন)  
 কি থাইরক্সিন ● অ্যাড্রিনালিন  
 গি ইনসুলিন ঘি গ্লুকাগন
২১৭. গোনাদোট্রোপিক হরমোন নিঃসৃত হয় কোন গ্রন্থি থেকে? (জ্ঞান)  
 কি অ্যাড্রিনাল থেকে খি থাইরয়েড থেকে  
 ● পিটুইটারি থেকে ঘি শূক্ৰাশয় থেকে

২১৮. থাইরক্সিন কী?

(অনুধাবন)

- ক) থাইসাম গ্রন্থির কোষ  
 খ) প্যারাথাইরয়েড গ্রন্থির সঞ্চিৎ পদার্থ  
 গ) থাইরয়েড গ্রন্থির নিঃসৃত পদার্থ  
 ঘ) থাইরয়েড গ্রন্থির রেচন পদার্থ

২১৯. কোনটিকে প্রতিরোধ করার জন্য খাবার লবণের সাথে আয়োডিন মেশানো হয়? (প্রয়োগ)

- ক) স্ফার্ভি  খ) রাতকানা  
 গ) গলগণ্ড  ঘ) রিকেট

২২০. প্যারাথাইরয়েড গ্রন্থির সমস্যার কারণে দেহে কোনটি বিপাকে সমস্যা হয়? (অনুধাবন)

- ক) সোডিয়াম  খ) পটাসিয়াম  
 গ) ক্যালসিয়াম  ঘ) আয়োডিন

২২১. যে গ্রন্থি ক্যালসিয়াম বিপাকের জন্য দায়ী কোনটি?(জ্ঞান)

- ক) থাইরয়েড  খ) থাইমাস  
 গ) অ্যাড্রিনাল  ঘ) প্যারাথাইরয়েড

২২২. কোন হরমোনের কারণে দেহে ক্যালসিয়ামের পরিমাণ বাড়ে? (প্রয়োগ)

- ক) গ্লুকাগন  গ) প্যারাথাইরক্সিন  
 গ) থাইমক্সিন  ঘ) থাইরক্সিন

২২৩.



উপরের চিত্রে প্রদর্শিত নিউরনের A অংশকে কী বলে?(প্রয়োগ)

- ক) অ্যাক্সন  খ) কোষদেহ  
 গ) সারকোলেমা  ঘ) ডেনড্রাইট

২২৪. এডরেনাল গ্রন্থির কাজ—

- i. অত্যাৱশ্যকীয় বিপাক নিয়ন্ত্রণ  
ii. কঠিন মানসিক চাপ থেকে পরিত্রাণ  
iii. এডরেনালিন হরমোন নিঃসরণ

নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

- ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

২২৫. গোনাদ গ্রন্থির ক্ষেত্রে—

- i. যৌন আচরণ নিয়ন্ত্রণ করে  
ii. পরিণত পুরুষে টেস্টোস্টেরন নিঃসরণ করে  
iii. পরিণত স্ত্রীতে ইস্ট্রোজেন নিঃসরণ করে

নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

২২৬. অগ্ন্যাশয় থেকে নিঃসৃত হরমোন—

- i. ইনসুলিন
- ii. গ্লুকাগন
- iii. প্রোল্যাকটিন

নিচের কোনটি সঠিক? (প্রয়োগ)

ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের চিত্রটি দেখ এবং ২২৬ ও ২২৭ নং প্রশ্নের উত্তর দাও :



২২৭. মানবদেহে B চিহ্নিত অংশটি একটি গ্রন্থি। এটির নাম কী? (অনুধাবন)

- ক) লালাগ্রন্থি ● থাইরয়েড  
গ) প্যারাথাইরয়েড ঘ) অন্টঃক্ষরা গ্রন্থি

২২৮. A ও B চিহ্নিত অংশগুলো মানবদেহে বিশেষ ধরনের গ্রন্থি। এ গ্রন্থিদ্বয়—

- i. পিটুইটারি ও এর নিঃসৃত রসকে বলে হরমোন
  - ii. লালা গ্রন্থি ও এর নিঃসৃত রসকে বলে হরমোন
  - iii. থাইরয়েড ও এর নিঃসৃত রসকে বলে থাইরক্সিন
- নিচের কোনটি সঠিক? (প্রয়োগ)

ক) i ও ii খ) ii ও iii ● i ও iii ঘ) i, ii ও iii

২২৯. মাংসপেশীর কার্যাবলি নষ্ট হওয়াকে কী বলে? (জ্ঞান)

- ক) পারকিনসন খ) স্ট্রোক  
● প্যারালাইসিস ঘ) থ্রোম্বোসিস

২৩০. স্ট্রোক হওয়ার লক্ষণ কোনটি? (অনুধাবন)

- ক) জ্বর আসা ● ঘাড় শক্ত হওয়া  
গ) ঘাড় নরম হওয়া ঘ) নাড়ির স্পন্দন বেড়ে যাওয়া

২৩১. মস্তিষ্কের রক্তক্ষরণকে কী বলা হয়? (জ্ঞান)

- ক) প্যারালাইসিস ● স্ট্রোক  
গ) পারকিনসন ঘ) এপিলেপসি

২৩২. মস্তিষ্কে রক্ত ক্ষরণ হওয়ার লক্ষণ কোনটি? (প্রয়োগ)

- ক) মাংসপেশি শিথিল হওয়া খ) ঘাড় নরম হওয়া  
গ) শ্বসন দ্রুত হওয়া ● নাড়ির স্পন্দন দ্রুত হওয়া

২৩৩. এপিলেপসি রোগের আর এক নাম কী? (জ্ঞান)

- ক) প্যারালাইসিস খ) স্ট্রোক  
● মৃগী ঘ) খিঁচুনি

২৩৪. ডায়াবেটিস রোগ হওয়ার সম্ভাবনা বেশি থাকে—

- i. স্থূলকায় ব্যক্তিদের

- ii. রোগীর সংস্পর্শে থাকলে  
iii. বাবা, মা, দাদা, দাদির এ রোগ থাকলে

নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩৫. স্ট্রোকের সময়—

- i. নাড়ির স্পন্দন বেড়ে যায়  
ii. প্রচণ্ড মাথা ব্যথা হয়  
iii. মাংসপেশি শিথিল হয়ে যায়

নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

২৩৬. প্যারালাইসিসের কারণ—

- i. স্নায়ুরোগ  
ii. স্ট্রোক  
iii. সুষুম্নাদণ্ডের ক্ষয় ও রোগ

নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

২৩৭. মাদকাসক্ত হওয়ার কারণ —

- i. নতুন অভিজ্ঞতা অর্জন  
ii. সহজ আনন্দ লাভ  
iii. পরিবারে মাদকদ্রব্যের ব্যবহার

নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২৩৭ ও ২৩৮নং প্রশ্নের উত্তর দাও :

মরিয়মের নানার বয়স প্রায় ৭০। ইদানীং তিনি ঠিকমতো চলাফেরা করতে পারেন না, হাত ও পা কাঁপে। লেখালেখি এখন তার জন্য অসম্ভব। ডাক্তার বলেছেন, তার শরীর ডোপামিনের ঘাটতি দেখা দিয়েছে।

২৩৮. মরিয়মের নানার হাত ও পা কাঁপার কারণ কী?(অনুধাবন)

ক এপিলেপসি ● পারকিনসন  
খ প্যারালাইসিস ঘ ডায়াবেটিস

২৩৯. উদ্দীপকে উল্লিখিত রোগটি—

- i. পরিপাকতন্ত্রের রোগ  
ii. মাংসপেশির কার্যকারিতা কমায়  
iii. বয়স বাড়ার সাথে সাথে বৃদ্ধি পায়

নিচের কোনটি সঠিক? (প্রয়োগ)

ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২৩৯ ও ২৪০নং প্রশ্নের উত্তর দাও :

মঞ্জু তার মামাকে প্রতিদিন পায়ে এক ধরনের ইনজেকশন নিতে দেখে একদিন সে জিজ্ঞাসা করল, এই ইনজেকশন কেন তিনি নেন? তার মামা বললেন, ডায়াবেটিস নিয়ন্ত্রণের জন্য তাকে নিয়মিত এই ইনজেকশনটি নিতে হয়।

২৪০. উদ্দীপকে মঞ্জুর মামার গ্রহণ করা ইনজেকশনটি আসলে কী? (অনুধাবন)

- ক থাইরক্সিন  খ গ্লুকোজ  
 গ আয়োডিন  ● ইনসুলিন
২৪১. উক্ত রোগকে নিয়ন্ত্রণ করার জন্য আবশ্যিক—
- i. খাদ্য নিয়ন্ত্রণ  
 ii. শৃঙ্খলা  
 iii. নিয়মিত ওষুধ সেবন
- নিচের কোনটি সঠিক? (প্রয়োগ)
- ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii
২৪২. নিচের কোনটি দেহের মসৃণ পেশির কাজগুলো নিয়ন্ত্রণ করে?
- ক মস্তিষ্ক  খ সুমুখ্যাকাণ্ড  
 গ করোটিক স্নায়ু  ● স্বয়ংক্রিয় স্নায়ু
২৪৩. কোন গ্রন্থির হরমোন তৈরিতে কোলেস্টেরল ব্যবহৃত হয়?
- ক পিটুইটারি  খ থাইরয়েড  
 গ আইলেটস অব ল্যাঞ্জারহ্যান্স  ● অ্যাডরেনাল
২৪৪. মায়োলিনে কোনটি থাকে?
- ক আমিষ  ● স্নেহ  
 গ শর্করা  ঘ ভিটামিন
২৪৫. সেরিব্রামের মাঝখানে খাঁজটি কী?
- ক মেনিনজেস  খ থ্রেম্যাটার  
 ● সেরিব্রাল হেমিস্ফিয়ার  ঘ ডোপামিন
২৪৬. স্বয়ংক্রিয় স্নায়ু দ্বারা পরিচালিত হয় কোনটি?
- অগ্ন্যাশয়  খ চোখ  
 গ হাতের পেশি  ঘ জিহ্বা
২৪৭. কোনটি পস্টুলেটেড হরমোন?
- ক অক্সিন  খ ইথিলিন  
 ● ভার্নালিন  ঘ অ্যাবসিসিক এসিড
২৪৮. শিশুর দৈহিক ও মানসিক বৃদ্ধি কোন হরমোনের প্রভাবে ঘটে?
- ক অ্যাড্রিনালিন  ● থাইরক্সিন  
 গ রিলাক্সিন  ঘ টেস্টোস্টেরন
২৪৯. খাদ্যদ্রব্য সংরক্ষণে কোনটি অনুমোদিতভাবে ব্যবহার করা হয়?
- ক্যালসিয়াম এপারনেট  খ হেভিমেটাল  
 গ সরবেট  ঘ কার্বাইড
২৫০. নিম্নের কোনটির কারণে ক্যান্সিয়ার কার্যকারিতা বৃদ্ধি পায়?
- ক ইথিলিন  খ ভার্নালিন  
 গ অক্সিন  ● IAA

২৫১. কোন কোষটি ভ্রুণে পরিণত হয়?

- (ক) সহকারী কোষ (খ) প্রতিপাদ কোষ  
● এপিক্যাল কোষ (ঘ) ভিত্তি কোষ

২৫২. কোন হরমোনটি গ্যাসীয় পদার্থ?

- (ক) অক্সিন (খ) জিবেরেলিন  
(গ) সাইটোকাইনিন ● ইথিলিন

২৫৩. মস্তিষ্ক কয়টি অংশে বিভক্ত?

- (ক) দুটি ● তিনটি  
(গ) চারটি (ঘ) পাঁচটি

২৫৪. উদ্ভিদ দেহে প্রাপ্ত হরমোন কোনটি?

- (ক) থাইমিন ● সাইটোকাইনিন  
(গ) এ্যাডরেনালিন (ঘ) ইস্ট্রোজেন

২৫৫. কোনটিতে নিসল দানা দেখা যায়?

- কোষদেহ (খ) ডেনড্রাইট  
(গ) নিউরিলেমা (ঘ) র্যান ভিয়ারের পর্ব

২৫৬. উদ্ভিদ হরমোন অক্সিন এর নামকরণ করেন-

- কোল ও স্নিট (খ) রবার্ট হুক  
(গ) লিউয়েন হুক (ঘ) ক্যারোলাস লিনিয়াস

২৫৭. পারকিনসন রোগ কত বয়সের পরে হয়?

- (ক) ৩০ (খ) ৪০  
(গ) ৪৫ ● ৫০

২৫৮. কোন গ্রন্থির হরমোন তৈরিতে কোলেস্টেরোল ব্যবহৃত হয়?

- (ক) থাইরয়েড (খ) প্যারাথাইরয়েড  
● এডরেনাল (ঘ) প্যারোটাইড

২৫৯. কোন গ্রন্থি বয়োঃবৃদ্ধির সাথে সাথে ছোট হয়ে যায়?

- (ক) থাইরয়েড ● থাইমাস  
(গ) এডরেনাল (ঘ) পিটুইটারী

২৬০. নিচের কোনটির অঙ্কুরোদগমে কার্যকারিতা রয়েছে?

- (ক) ইথিলিন (খ) অ্যাবসিসিক এসিড  
● জিবেরেলিন (ঘ) অক্সিন

২৬১. উদ্ভিদে ফুল ফোটাতে সাহায্য করে কোনটি?

- (ক) জিবেরেলিন (খ) সাইটোকাইনিন  
(গ) ভার্নালিন ● ফ্লোরিজেন

২৬২. কোন তন্তুটি পেশিকে চালনা করে?

- স্নায়ুতন্তু (খ) পেশিতন্তু  
(গ) রেচনতন্তু (ঘ) রক্তসংবহনতন্তু

২৬৩. ডায়টম শৈবালে কোন ধরনের চলন পরিলক্ষিত হয়?

- সামগ্রিক চলন                      (খ) বক্র চলন  
(গ) সরল চলন                      (ঘ) ফটোপ্রপিক চলন

২৬৪. পিপড়া খাদ্যের খোঁজ পেলে খাদ্য উৎসে থেকে বাসায় আসার পথে কী নিঃসৃত করে?

- (ক) অক্সিন                      (খ) জিবেরোলিন  
● ফেরোমন                      (ঘ) ফ্লোরিজেন

২৬৫. ব্যথা অনুভূত হওয়ার জন্য দায়ী কোষগুলো-

- i. যেকোনো অংশের উদ্দীপনা গ্রহণ করে  
ii. চলাচলে সহায়তা করে  
iii. মস্তিষ্কের বার্তা শরীরের বিভিন্ন অংশে পৌঁছে দেয়  
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii   ● i ও iii   (গ) ii ও iii   (ঘ) i, ii ও iii

২৬৬. ডায়াবেটিস রোগীর ঠিকমতো চিকিৎসা না করা হলে-

- i. রোগীর শ্বসন হার কমে যায়  
ii. রোগী বেহুশ হয়ে পড়তে পারে  
iii. রোগীর রক্তে গ্লুকোজের পরিমাণ হ্রাস পায়  
নিচের কোনটি সঠিক?

- i ও ii   (খ) i ও iii   (গ) ii ও iii   (ঘ) i, ii ও iii

২৬৭. অক্সিন-এর প্রভাবে-

- i. অভিস্রবণ ও শ্বসন ক্রিয়ার হার বাড়ে  
ii. শ্বসন ক্রিয়ার হার কমে  
iii. বীজহীন ফল উৎপাদন করা যায়  
নিচের কোনটি সঠিক?

- i ও iii   (খ) ii ও iii   (গ) i, ii ও iii   (ঘ) ii

২৬৮. প্রতিবর্তী ক্রিয়া সম্পর্কে তথ্য হলো-

- i. এটি মস্তিষ্ক দ্বারা নিয়ন্ত্রিত হয়  
ii. সুষুন্মা কাণ্ড দ্বারা নিয়ন্ত্রিত হয়  
iii. আমরা ইচ্ছা করলে নিয়ন্ত্রণ করতে পারি না  
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii   ● ii ও iii   (গ) i ও iii   (ঘ) i, ii ও iii

২৬৯. পারকিনসন রোগের চিকিৎসা-

- i. ইনসুলিন গ্রহণ  
ii. ফিজিওথেরাপি গ্রহণ  
iii. পরিমিত খাদ্য গ্রহণ  
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii   (খ) i ও iii   ● ii ও iii   (ঘ) i, ii ও iii

নিচের ছকটি পড় এবং ২৬৯ ও ২৭০নং প্রশ্নের উত্তর দাও :

A	থাইমাস
B	এডরেনাল
C	পিটুইটারি
D	থাইরয়েড

২৭০. কঠিন মানসিক চাপ পরিত্রাণে সাহায্য করে কোনটি?

- ক A  B  
 গ C  ঘ D

২৭১. ছকের গ্রন্থিগুলোর—

- i. A জনন অঙ্গের বৃদ্ধি করে  
ii. C মস্তিষ্কের নিচে অবস্থিত  
iii. D ট্রাকিয়ার উপরে অবস্থিত

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৭১ ও ২৭২নং প্রশ্নের উত্তর দাও :

লাল পিঁপড়ার বিশাল বাহিনী সারিবদ্ধভাবে খাবার নিয়ে বাসায় ফিরছে।

২৭২. কাজটি সম্পাদনের জন্য নিজেদের মধ্যে সমন্বয়ের ক্ষেত্রে উক্ত প্রাণী কী ব্যবহার করে?

- ক মেলানিন  ফেরোমোন  
 গ ভার্নালিন  ঘ ইথিলিন

২৭৩. সমন্বয় সাধনে উল্লিখিত প্রাণির ব্যবহৃত উপাদানটি কৃষি উন্নয়নেও কার্যকর। কারণ—

- i. এটি ব্যবহারে ক্ষতিকর পোকা দমন করা যায়  
ii. বালাইনাশক এর ব্যবহার কমানো যায়  
iii. এটি পরিবেশবান্ধব

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৭৩ ও ২৭৪নং প্রশ্নের উত্তর দাও :

রহিমের বাবা বহুমূত্র রোগী। চিকিৎসক তাকে নিয়মিত ইনসুলিন গ্রহণের পরামর্শ দিয়েছেন।

২৭৪. রহিমের বাবার ডায়াবেটিস কোন ধরনের?

- ক টাইপ-১  খ টাইপ-২  
 গ টাইপ-৩  ঘ টাইপ-৪


২৭৫. ডায়াবেটিসের লক্ষণ—

- i. প্রস্রাবে গ্লুকোজের মাত্রা কমে যায়  
ii. অধিক পিপাসা লাগা  
iii. রক্তে গ্লুকোজের মাত্রা বেড়ে যায়

নিচের কোনটি সঠিক?

- ক i ও ii  ঘ i ও iii  গ ii ও iii  ঘ i, ii ও iii

নিচের চিত্রটি লক্ষ কর এবং ২৭৫ ও ২৭৬ নং প্রশ্নের উত্তর দাও :



২৭৬. চিত্রে উল্লিখিত 'A' কী?

- কোষদেহ (খ) প্রলম্বিত অংশ  
 গ) ডেনড্রাইট (ঘ) অ্যাক্সন

২৭৭. নিউরিলেমা ও B -এর মধ্যবর্তী অঞ্চলে-

- i. অ্যাক্সলেমা থাকে  
 ii. মায়োলিন থাকে  
 iii. স্নেহপদার্থের স্তর থাকে  
 নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii (খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii

২৭৮. টিস্যুকালচারে বিশেষ ধরনের কোষ বৃদ্ধিকারক পদার্থ-

- i. থাইরক্সিন  
 ii. ইনডোল অ্যাসিটিক এসিড  
 iii. অক্সিন

নিচের কোনটি সঠিক? (প্রয়োগ)

- ক) i ও ii ● ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

২৭৯. জিবেরেলিন -

- i. উদ্ভিদের পাকা বীজে থাকে  
 ii. মস্তিষ্কের নিচের অংশে অবস্থিত  
 iii. একটি ছত্রাক থেকে সর্বপ্রথম নিষ্কাশন করা হয়  
 নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

- ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮০. অক্সিনের প্রভাবে-

- i. অভিস্রবণ বৃদ্ধি পায়  
 ii. স্নায়ুতাড়না প্রবাহিত হয়  
 iii. শ্বসনের হার বৃদ্ধি পায়

নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

- ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮১. ধানের ব্যাকানি রোগটি-

- i. আয়োডিনজনিত রোগ  
 ii. ছত্রাকজনিত রোগ  
 iii. থাইমাসের অভাবে হয়

নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

ক) i ● ii গ) i ও iii ঘ) i, ii ও iii  
২৮২. অভিকর্ষের উদ্দীপনা অনুভব করতে পারে—

- i. ভূণমূলের অগ্রভাগ
  - ii. ভূণকাণ্ডের অগ্রভাগ
  - iii. কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র
- নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii  
২৮৩. Arthropoda পর্বের প্রাণীর নিঃসৃত হরমোন—

- i. ফ্লোরিজেন
  - ii. ফেরোমন
  - iii. অক্সিন
- নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

ক) i ● ii গ) iii ঘ) i ও iii  
২৮৪. মানুষের দর্শন, শ্রবণ ও চলাফেরার ক্রিয়াকেন্দ্র—

- i. IAA
  - ii. সেরিব্রাম
  - iii. সেরিবেলাম
- নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

ক) i ও ii খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii  
২৮৫. প্রতিবর্তী ক্রিয়া বলতে বোঝায়—

- i. উদ্দীপনার আকস্মিকতা
  - ii. ফটোট্রপিজম
  - iii. স্বয়ংক্রিয় প্রতিক্রিয়া
- নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

ক) i ও ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii  
২৮৬. সেরিবেলামের কাজ হলো—

- i. পেশির টান নিয়ন্ত্রণ করা
  - ii. দেহের ভারসাম্য রক্ষা করা
  - iii. ক্যান্সিয়ামের কার্যকারিতা বাড়ায়
- নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii  
২৮৭. প্যারাথাইরয়েড গ্রন্থির কাজ—

- i. স্নায়ুতাড়না বহন করা
  - ii. প্যারাথাইরক্সিন হরমোন নিঃসরণ
  - iii. ক্যালসিয়াম বিপাক নিয়ন্ত্রণ
- নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

ক) i ও ii খ) i ও iii ● ii ও iii ঘ) i, ii ও iii  
২৮৮. পিটুইটারি গ্রন্থির হরমোনগুলো হলো—

i. বৃদ্ধি উদ্দীপক হরমোন

ii. অ্যাড্রিনাল হরমোন

iii. স্নায়ুতাড়নায়

নিচের কোনটি সঠিক? (অনুধাবন)

ক i  ii  গ ii ও iii  ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৮৮ ও ২৮৯নং প্রশ্নের উত্তর দাও :

প্রমার কক্ষে জানালার কাছে টবের মধ্যে লাগানো মানিপ্লান্ট গাছটি দ্রুত বাড়ায় এর লতাগুলো জানালার দিকে অগ্রসর হতে থাকে। প্রমা হাত দিয়ে এগুলোকে কক্ষের ভেতর দিকে এনে দিলেও এরা আবার জানালার দিকে ধাবিত হয়।

২৮৯. প্রমার গাছটি কিসের উদ্দীপনায় জানালার দিকে ধাবিত হয়? (প্রয়োগ)

ক হরমোনের  খ নিউরনের  আলোর  ঘ গ্লুকোজের

২৯০. প্রমার গাছটির এ ধরনের চলনকে বলে-

i. বক্র চলন

ii. প্রতিবর্তী ক্রিয়া

iii. ফটোট্রপিক চলন

নিচের কোনটি সঠিক? (উচ্চতর দক্ষতা)

ক i ও ii  খ ii ও iii  i ও iii  ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৯০ ও ২৯১নং প্রশ্নের উত্তর দাও :

রহমত ফল পাকানোর জন্য এক ধরনের গ্যাসীয় পদার্থ ব্যবহার করেন। গ্যাসীয় এই পদার্থটি ফল পাকাতে সাহায্য করা ছাড়াও পাতা, ফুল ও ফলের ঝরেপড়া ত্বরান্বিত করে।

২৯১. উল্লিখিত পদার্থটির নাম কী? (প্রয়োগ)

ক TSH  খ অক্সিন  ইথিলিন  ঘ ইনসুলিন

২৯২. উক্ত পদার্থটি—

- ফুল ও ফলের বারে পড়া ত্বরান্বিত করে
- গ্লুকোজ নিয়ন্ত্রণ করে
- চারাগাছের বৃদ্ধি ঘটায়

নিচের কোনটি সঠিক? (উচ্চতর দক্ষতা)

ক) ii ● i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২৯২ ও ২৯৩নং প্রশ্নের উত্তর দাও :

শিক্ষক ক্লাসে শ্রুতিলিপি দিচ্ছেন এবং ছাত্ররা লিখছে।

২৯৩. উদ্দীপকে উল্লিখিত শ্রুতিলিপি ছাত্রদের কানে কীভাবে পৌঁছায়? (প্রয়োগ)

● তরঙ্গাকারে খ) হরমোন আকারে

গ) চক্রচলনের মাধ্যমে ঘ) ফটোট্রুপিক প্রক্রিয়ায়

২৯৪. এক্ষেত্রে প্রধান সাড়া অঙ্গ—

- শিক্ষকের কথা বলার পেশি
- ছাত্রদের হাতের পেশি
- পিটুইটারি গ্রন্থি

নিচের কোনটি সঠিক? (উচ্চতর দক্ষতা)

● i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৯৪ ও ২৯৫নং প্রশ্নের উত্তর দাও :

হাইপার গ্লাইসেমিয়া গ্লুকোসিয়া উপসর্গ দেখা দিলে তাকে ডায়াবেটিস বলে। অগ্ল্যাশয় থেকে নিঃসৃত হরমোনের প্রভাবে এ ধরনের রোগ থেকে পরিত্রাণ পাওয়া যায়।

২৯৫. অনুচ্ছেদের প্রথমে উল্লিখিত ক্ষেত্রে কী হয়?(প্রয়োগ)

● রক্তে গ্লুকোজের মাত্রা বৃদ্ধি পায়

খ) গলগন্ড রোগ হয়

গ) মুখমন্ডল লাল বর্ণ ধারণ করে

ঘ) দেহের ভারসাম্য নষ্ট হয়

২৯৬. অনুচ্ছেদে উল্লিখিত রোগের দ্বিতীয় উপসর্গের ক্ষেত্রে—

- মূত্রের সাথে গ্লুকোজ বের হয়
- অগ্ল্যাশয় হরমোন নিঃসরণে ব্যর্থ হয়
- রোগীর রক্তে গ্লুকোজের থ্রেসহোল্ডমান অতিক্রান্ত হয়

নিচের কোনটি সঠিক? (উচ্চতর দক্ষতা)

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ● i, ii ও iii

● ■ সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

প্রশ্ন ১ ১ ৥ ফাইটোহরমোন কী?

উত্তর : উদ্ভিদ হরমোনকে ফাইটোহরমোন বলা হয়।

প্রশ্ন ১ ২ ৥ অভিকর্ষ উপলব্ধি কী?

উত্তর : উদ্ভিদের ভূগমূল ও ভূগকাণ্ডের অগ্রাংশের অভিকর্ষের উদ্দীপনা অনুভব করাই হলো অভিকর্ষ উপলব্ধি।

প্রশ্ন ১৩ ৥ স্নায়ুতন্ত্র কাকে বলে?

উত্তর : প্রাণিদেহের যে তন্ত্র দেহের বিভিন্ন অঙ্গ ও তন্ত্রের মধ্যে সমন্বয় সাধন করে এবং উদ্দীপনার সাড়া দিয়ে পরিবেশের সাথে সম্পর্ক রক্ষা করে তাকে স্নায়ুতন্ত্র বলে।

প্রশ্ন ১৪ ৥ কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র কী নিয়ে গঠিত?

উত্তর : মস্তিষ্ক ও সুষুম্নাকাণ্ড নিয়ে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র গঠিত।

প্রশ্ন ১৫ ৥ প্যারালাইসিস কেন হয়?

উত্তর : সাধারণত মস্তিষ্কের স্ট্রোকের কারণে প্যারালাইসিস হয়। এছাড়াও মেরুদণ্ডের বা ঘাড়ের সুষুম্নাদণ্ডে আঘাত বা দুর্ঘটনাজনিত কারণেও প্যারালাইসিস হতে পারে।

### ● ■ রচনামূলক প্রশ্ন ও উত্তর

প্রশ্ন ১ ৥ উদ্ভিদের বৃদ্ধিতে হরমোনের ভূমিকা আলোচনা কর।

উত্তর : উদ্ভিদে যেসব হরমোন প্রাকৃতিকভাবে পাওয়া যায় সেগুলো হলো অক্সিন, জিবেরেলিন, সাইটোকাইনিন এবং অ্যাবসিসিক এসিড। এগুলোর মধ্যে অক্সিন, জিবেরেলিন ও সাইটোকাইনিন উদ্ভিদে বৃদ্ধিকারক হরমোন। এগুলোর কাজ সংক্ষেপে নিচে উল্লেখ করা হলো :

অক্সিন : উদ্ভিদের বৃদ্ধি নিয়ন্ত্রণ করাই হলো অক্সিনের মুখ্য কাজ। অক্সিন উদ্ভিদে বৃদ্ধি ঘটায় কোষ বিভাজন দ্বারা। পার্শ্বমুকুলের বৃদ্ধি রোধ করে অগ্রমুকুলের বৃদ্ধি ঘটায় কাণ্ডের দৈর্ঘ্যবৃদ্ধি করে।

জিবেরেলিন : জিবেরেলিনের প্রধান শারীরবৃত্তীয় কাজ হলো : ১. উদ্ভিদের কাণ্ডের পর্বমধ্য অংশের দৈর্ঘ্য বৃদ্ধি করে খর্বাকার উদ্ভিদের দৈর্ঘ্য বৃদ্ধি ঘটাতে সাহায্য করে। ফুল ফোটাতে এবং বীজের সুপ্তাবস্থা কমাতে এবং অঙ্কুরোদগম ঘটাতে সাহায্য করে।

সাইটোকাইনিন : এই হরমোনটি ১. কোষ বিভাজনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে কোষের সংখ্যার বৃদ্ধি ঘটায়। ২. এটি উদ্ভিদের বার্ধক্য অর্থাৎ জরা অবস্থাকে বিলম্বিত করে অঙ্গের বিকাশ সাধন করে।

প্রশ্ন ২ ৥ থাইরয়েড সমস্যার লক্ষণগুলো লেখ।

উত্তর : থাইরয়েড গ্রন্থি থেকে থাইরক্সিন হরমোন নিঃসৃত হয়। থাইরক্সিন মানবদেহে বিপাকের কাজ নিয়ন্ত্রণ করে। থাইরক্সিন অধিক পরিমাণে ক্ষরণের ফলে থাইরয়েড গ্রন্থি ফুলে গিয়ে গলগন্ড বা গয়টার রোগ হয়। এ সমস্যার লক্ষণগুলো হলো— (i) থাইরয়েড হরমোনের ঘাটতি হলে শিশুদের মানসিক বিকাশ বাধা পায়। (ii) গায়ের চামড়া খসখসে হয়। (iii) চেহারা গোলাকার গোবেচারার আকারের মুখমণ্ডল তৈরি হয়।

### ● ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

প্রশ্ন ১ ৥ মেরুরঞ্জীয় স্নায়ুর সংখ্যা কত?

উত্তর : মেরুরঞ্জীয় স্নায়ুর সংখ্যা ৩১ জোড়া।

প্রশ্ন ২ ৥ পনসের অবস্থান কোথায়?

উত্তর : পনসের অবস্থান মধ্য মস্তিষ্কের পেছনে।

প্রশ্ন ৩ ৥ অক্সিন কী?

উত্তর : অক্সিন হলো একটি ফাইটো হরমোন যা ভূগমূলকলাবরণীর অগ্রভাগে পাওয়া যায়।

প্রশ্ন ৪ ৥ অগ্রমুকুল কী?

উত্তর : অগ্রমুকুল হলো উদ্ভিদের কাণ্ডের একেবারে শীর্ষ অঞ্চল।

প্রশ্ন ১৫ ৥ কাকে গুরু মস্তিষ্ক বলা হয়?

উত্তর : সেরিব্রামকে গুরু মস্তিষ্ক বলা হয়।

প্রশ্ন ১৬ ৥ উদ্ভিদে আলো-অন্ধকার ছন্দ কাকে বলে?

উত্তর : উদ্ভিদের ফুল ধারণে আলো-অন্ধকার বা দিনরাতের দৈর্ঘ্যের প্রভাবকে উদ্ভিদে আলো-অন্ধকার ছন্দ বলে।

প্রশ্ন ১৭ ৥ চলন কাকে বলে?

উত্তর : যে প্রক্রিয়ায় জীব নির্দিষ্ট স্থানে স্থির থেকে উদ্ভীপকের প্রভাবে বা স্বতঃস্ফূর্তভাবে অঙ্গপ্রত্যঙ্গ সঞ্চালন করে তাকে চলন বলে।

প্রশ্ন ১৮ ৥ গমন কাকে বলে?

উত্তর : যে প্রক্রিয়ায় জীব স্বেচ্ছায় বা উদ্ভীপকের প্রভাবে অঙ্গপ্রত্যঙ্গ সঞ্চালনের দ্বারা সামগ্রিকভাবে স্থান পরিবর্তন করে তাকে গমন বলে।

প্রশ্ন ১৯ ৥ উদ্ভিদের প্রধান বৃদ্ধি নিয়ন্ত্রক হরমোন কোনটি?

উত্তর : অক্সিন উদ্ভিদের বৃদ্ধি নিয়ন্ত্রক প্রধান হরমোন।

প্রশ্ন ১০ ৥ অক্সিনের দুটি উৎস উল্লেখ কর।

উত্তর : অক্সিনের দুটি উৎস : ১. ভূগমুকুলাবরণী। ২. কাণ্ড ও মূলের অগ্রস্থ ভাজক টিস্যু।

প্রশ্ন ১১ ৥ কোন হরমোন উদ্ভিদের ফুল ফুটাতে সাহায্য করে?

উত্তর : ফ্লোরিজেন হরমোন উদ্ভিদের ফুল ফুটাতে সাহায্য করে।

প্রশ্ন ১২ ৥ একটি গ্যাসীয় উদ্ভিদ হরমোনের নাম উল্লেখ কর।

উত্তর : গ্যাসীয় উদ্ভিদ হরমোনের নাম ইথিলিন।

প্রশ্ন ১৩ ৥ উদ্ভিদের ট্রপিক চলন নিয়ন্ত্রণ করে কোন হরমোন?

উত্তর : উদ্ভিদের ট্রপিক চলন নিয়ন্ত্রণ করে অক্সিন হরমোন।

প্রশ্ন ১৪ ৥ নিউরনের প্রধান অংশ কয়টি?

উত্তর : নিউরনের প্রধান অংশ তিনটি।

প্রশ্ন ১৫ ৥ সিন্যাপস কী?

উত্তর : সিন্যাপস হলো একটি নিউরনের অ্যাক্সনের সাথে অন্য একটি নিউরনের ডেনড্রনের সংযোগস্থল।

প্রশ্ন ১৬ ৥ ডেনড্রাইট কী?

উত্তর : ডেনড্রাইট হলো কোষদেহের চারদিকের শাখায়ুক্ত ক্ষুদ্র ক্ষুদ্র প্রলম্বিত অংশ।

প্রশ্ন ১৭ ৥ কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের অংশ কয়টি?

উত্তর : কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের অংশ দুইটি।

প্রশ্ন ১৮ ৥ গুরুমস্তিষ্কের কোথায় ধূসরবস্তু থাকে?

উত্তর : গুরুমস্তিষ্কের বাইরের অংশে ধূসরবস্তু থাকে।

প্রশ্ন ১৯ ৥ স্নায়ুতন্ত্রের কাজ কয়টি পর্যায়ে সম্পন্ন হয়?

উত্তর : স্নায়ুতন্ত্রের কাজ চারটি পর্যায়ে সম্পন্ন হয়।

প্রশ্ন ২০ ৥ উদ্ভীপনা বা স্নায়ুতাড়না কাকে বলে?

উত্তর : যে যান্ত্রিক রাসায়নিক বা ভৌত পরিবর্তন দেহকে বা দেহের কোনো অংশকে উত্তেজিত করে, তাকে উদ্দীপনা বা স্নায়ুতাড়না বলে।

প্রশ্ন ২১ ৥ গ্রে ম্যাটার কাকে বলে?

উত্তর : কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের যে অংশে কেবল নিউরনের কোষদেহ থাকে তাকে গ্রে ম্যাটার বলে।

প্রশ্ন ২২ ৥ সুষুমা কাণ্ড বা মেরুরজ্জু কাকে বলে?

উত্তর : মস্তিষ্কের সুষুমাশীর্ষকের শেষভাগ থেকে শুরু হয়ে করোটির পশ্চাদের ছিদ্র (ফোরামেন ম্যাগনাম) পথ দিয়ে মেরুদণ্ডের ভেতর দিয়ে পৃষ্ঠমধ্যরেখা বরাবর দেহের পুচ্ছ পর্যন্ত বিস্তৃত অংশকে সুষুমা কাণ্ড বলে।

প্রশ্ন ২৩ ৥ সুষুমা কাণ্ডের একটি কাজ লেখ।

উত্তর : সুষুমা কাণ্ড পরিবেশ থেকে গৃহীত সংবেদন মস্তিষ্কে পাঠায় এবং মস্তিষ্কের নির্দেশ বিভিন্ন অন্তরযন্ত্রে প্রেরণ করে।

প্রশ্ন ২৪ ৥ অ্যাক্সন ও ডেনড্রনের কার্যগত পার্থক্য কী?

উত্তর : অ্যাক্সন স্নায়ুস্পন্দন বহন করে এবং ডেনড্রন স্নায়ুস্পন্দন গ্রহণ করে।

প্রশ্ন ২৫ ৥ দিকমুখিতা কাকে বলে?

উত্তর : উদ্ভিদ অঙ্গের বিশেষ দিকে অর্থাৎ উদ্দীপকের গতিপথে যেমন : আলোর দিকে, মাটির দিকে, পানির দিকে বৃদ্ধি পাওয়া বা চলনকে দিকমুখিতা বলে।

প্রশ্ন ২৬ ৥ গুরুমস্তিষ্কের কাজ কী?

উত্তর : গুরুমস্তিষ্ক প্রাণীদের বুদ্ধি, চিন্তা, স্মৃতিশক্তি, দর্শন, শ্রবণ ইত্যাদি নিয়ন্ত্রণ করে।

প্রশ্ন ২৭ ৥ লঘুমস্তিষ্কের কাজ কী?

উত্তর : মেরুদণ্ডী প্রাণীদের দেহের ভারসাম্য নিয়ন্ত্রণ করা লঘুমস্তিষ্কের কাজ।

প্রশ্ন ২৮ ৥ কোথা থেকে প্রান্তীয় স্নায়ুর উৎপত্তি ঘটে?

উত্তর : প্রান্তীয় স্নায়ুর উৎপত্তি ঘটে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্র থেকে।

প্রশ্ন ২৯ ৥ প্রান্তীয় স্নায়ুর বৈশিষ্ট্য কী?

উত্তর : প্রান্তীয় স্নায়ুর প্রধান বৈশিষ্ট্য হচ্ছে- সংজ্ঞাবহ অর্থাৎ উদ্দীপনাকে উৎপত্তিস্থল থেকে মস্তিষ্কে বহন করে নিয়ে আসা।

### ● ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর ■ ●

প্রশ্ন ১ ৥ উদ্ভিদের শারীরবৃত্তীয় সমন্বয় বলতে কী বোঝায়?

উত্তর : উদ্ভিদের শারীরবৃত্তীয় সমন্বয় বলতে প্রতিনিয়ত একযোগে নিয়ম-শৃঙ্খলার মাধ্যমে সংঘটিত কাজগুলোকে বোঝায়।

উদ্ভিদের জীবনকালে সময়ের সাথে সামঞ্জস্য রেখে জীবনচক্রের পর্যায়গুলো যেমন : অঙ্কুরোদগম, বৃদ্ধি ও বিকাশ, পুষ্পায়ন, ফল সৃষ্টি, বার্ষিক্য প্রাপ্তি, সুপ্তাবস্থা ইত্যাদি একটি সুশৃঙ্খল নিয়ম মেনে চলে। এসব কাজের সমন্বয় সাধনই হলো উদ্ভিদের শারীরবৃত্তীয় সমন্বয়।

প্রশ্ন ২ ৥ ডায়াবেটিস রোগের চারটি লক্ষণ লেখ।

উত্তর : ডায়াবেটিস রোগের চারটি লক্ষণ নিম্নরূপ :

i. ক্ষুধা বেড়ে যাওয়া।

ii. ঘন ঘন প্রস্রাব হওয়া।

iii. পর্যাপ্ত খাবার খাওয়া সত্ত্বেও দেহের ওজন কমতে থাকা।

iv. ক্ষতস্থান সহজে না শুকানো।

প্রশ্ন ১৩ ৥ আমাদের দেহের চারটি নাগিবিহীন গ্রন্থির অবস্থান উল্লেখ করে নাম লেখ।

উত্তর : আমাদের দেহের চারটি নাগিবিহীন গ্রন্থির অবস্থান ও নাম নিম্নরূপ :

i. পিটুইটারী গ্রন্থি— মস্তিষ্কের নিচের অংশে

ii. থাইরয়েড গ্রন্থি— গলায় ট্রাকিয়ার ওপর অংশে

iii. প্যারাথাইরয়েড গ্রন্থি— থাইরয়েড গ্রন্থির পেছনে

iv. থাইমাস— গ্রীবা অঞ্চলে

প্রশ্ন ১৪ ৥ মস্তিষ্কের সেরিবেলাম কী কাজ করে?

উত্তর : সেরিবেলামের কাজ নিচে দেওয়া হলো—

i. চলনে সমন্বয় সাধন করে

ii. দৌড়ানো ও লাফানোর কাজে জড়িত পেশিগুলোর কার্যাবলি নিয়ন্ত্রণ করে।

iii. দেহের ভারসাম্য রক্ষা করে।

iv. দেহের পেশির টান নিয়ন্ত্রণ করে।

প্রশ্ন ১৫ ৥ বৃদ্ধি ও জননের সম্পর্ক কেমন?

উত্তর : বৃদ্ধি এবং জননের সম্পর্ক অবিচ্ছেদ্য।

পরিণত হওয়ার পর জীব প্রজননক্ষম হয়ে নতুন জীব সৃষ্টি করে। সুতরাং অপরিণত জীব বৃদ্ধির মাধ্যমে পরিণতি লাভ করে এবং অবশেষে জননের মাধ্যমে নতুন অপত্য জীবের সৃষ্টি করে। এটাই বৃদ্ধি ও জননের সম্পর্ক।

প্রশ্ন ১৬ ৥ উদ্ভিদে আলো-অন্ধকার ছন্দের প্রভাব আমাদের অর্ধনীতিতে কতটা গুরুত্বপূর্ণ?

উত্তর : অর্ধনৈতিক দিক দিয়ে আলো-অন্ধকার ছন্দের গুরুত্ব অপরিমিত। এ পদ্ধতি প্রয়োগ করে এক ঋতুর ফসল অন্য ঋতুতে ফলানো সম্ভব। এর ফলে সুবিধাজনক সময়ে ফসল উৎপন্ন করে তাকে বন্যা, ঝড়, তুষারপাত, রোগবালাই প্রভৃতি প্রাকৃতিক বিপর্যয় থেকে রক্ষা করা যেতে পারে। তাছাড়া এক ঋতুর ফসল উৎপন্ন ও বাজারজাত করে ভিন্ন মৌসুমের ফসল হিসেবে প্রচুর আয় করা সম্ভব।

প্রশ্ন ১৭ ৥ প্রতিবর্তী ক্রিয়া বলতে কী বোঝায়?

উত্তর : বাহ্যিক বা অভ্যন্তরীণ হঠাৎ উদ্দীপনায় প্রাণিদেহে যে দ্রুত স্বতঃস্ফূর্ত এবং অনৈচ্ছিক সাড়ার সৃষ্টি হয় তাকে প্রতিবর্তী ক্রিয়া বলে।

তাৎক্ষণিক আত্মরক্ষার জন্য কোনো অঙ্গের ত্বরিত ক্রিয়ার নামই প্রতিবর্তী ক্রিয়া। এই প্রক্রিয়াটি মস্তিষ্ক দ্বারা নিয়ন্ত্রিত হয় না। এই প্রক্রিয়াটি স্নায়ুরঞ্জু দ্বারা নিয়ন্ত্রিত হয়। স্নায়ুরঞ্জু দ্বারা নিয়ন্ত্রিত প্রতিক্রিয়াটিকে প্রতিবর্তী ক্রিয়া বলা হয়। চোখে প্রথর আলো পড়ামাত্র চোখের পাতা বন্ধ হয়ে যাওয়া, আগুনে হাত লাগা বা পিনে হাত ফোটামাত্র হাত টেনে নেয়া— এগুলো প্রতিবর্তী ক্রিয়া।

প্রশ্ন ১৮ ৥ হরমোনের কাজ ব্যাখ্যা কর।

উত্তর : বহুকোষী প্রাণীদের বিভিন্ন অংশের মধ্যে সমন্বয় সাধক হিসেবে স্নায়ুতন্ত্র ও বিবিধ হরমোন কাজ করে।

বহুকোষী উদ্ভিদেহে স্নায়ুতন্ত্র অনুপস্থিত থাকায় হরমোনই একমাত্র সমন্বয় সাধক হিসেবে কাজ করে। জীবের বৃদ্ধি, প্রজনন, বংশবিস্তার, অনুভূতি গ্রহণ ও প্রতিক্রিয়া সৃষ্টি ইত্যাদি কাজে হরমোন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

প্রশ্ন ১৯ ৥ হরমোনের দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর।

উত্তর : হরমোনের দুটি বৈশিষ্ট্য নিম্নরূপ :

(i) হরমোন এক ধরনের জৈব রাসায়নিক পদার্থ।

(ii) হরমোন কোষে উৎপন্ন হয়ে উৎপত্তিস্থল থেকে বাহিত হয়ে দূরবর্তী স্থানের কোষের কার্যাবলি নিয়ন্ত্রণ করে।

প্রশ্ন ১০ ৥ একটি উদ্ভিদের কাণ্ডের আগা কেটে দিলে উদ্ভিদটিতে কী পরিবর্তন দেখা যাবে এবং কেন?

উত্তর : উদ্ভিদের কাণ্ডের আগায় শীর্ষমুকুল থাকে এবং অক্সিন এর বৃদ্ধি ঘটায়। ফলে উদ্ভিদ লম্বা হয়। এ সময় কান্টিক মুকুলগুলোর বৃদ্ধি ঘটে না। কাণ্ডের আগা কেটে দিলে কান্টিক মুকুলগুলোর দ্রুত বৃদ্ধি ঘটবে অক্সিন হরমোনের প্রভাবে। এতে গাছটিতে শাখাপ্রশাখা উৎপন্ন হয়ে ঝাকড়া হয়ে যাবে।

প্রশ্ন ১১ ৥ প্রতিবর্তী ক্রিয়া একটি রেখাচিত্রের দ্বারা দেখাও।

উত্তর : প্রতিবর্তী পথের রেখাচিত্র নিম্নরূপ –

গ্রাহক অঙ্গ → অনুভূতিবাহী স্নায়ু → প্রতিবর্তী কেন্দ্র (সুষুম্না কাণ্ড) → আঞ্জাবাহী স্নায়ু → কারক অঙ্গ।

প্রশ্ন ১২ ৥ প্রতিবর্তী ক্রিয়ার পথের বিভিন্ন অংশগুলো কী কী?

উত্তর : একটি প্রতিবর্তী ক্রিয়া পাঁচটি অংশের সমন্বয়ে গঠিত : (i) গ্রাহক (ii) অনুভূতিবাহী স্নায়ু (iii) প্রতিবর্তী কেন্দ্র (সুষুম্নাকাণ্ড) (iv) আঞ্জাবাহী স্নায়ু (v) কারক অঙ্গ।

প্রশ্ন ১৩ ৥ স্নায়ুতন্ত্রে সিন্যাপস না থাকলে কী হতো? ব্যাখ্যা কর।

উত্তর : অ্যাক্সন ও ডেনড্রনের মিলন স্থলকে সিন্যাপস বলে। এক স্নায়ুকোষ থেকে স্নায়ুতাড়নাকে অপর স্নায়ুকোষে পরিবাহিত করা সিন্যাপসের কাজ। সুতরাং সিন্যাপস না থাকলে প্রাণীরা বাইরের ও ভেতরের উদ্দীপনায় সাড়া দিতে পারত না এবং স্নায়ুতন্ত্র অকার্যকর হয়ে পড়ত।

প্রশ্ন ১৪ ৥ স্নায়ুতন্ত্রের কাজ ব্যাখ্যা কর।

উত্তর : দেহের বিভিন্ন অংশের উদ্দীপনা বহন করা, দেহের বিভিন্ন অঙ্গের কাজের সমন্বয় সাধন করা ও পরিবেশের সাথে সম্পর্ক রাখাই স্নায়ুতন্ত্রের কাজ।

পরিবেশের সাথে সম্পর্ক রাখার জন্য জীবদেহে দ্রুত যোগাযোগ রক্ষা করা প্রয়োজন। আমাদের চলাফেরা, কোনো বিষয়ে চিন্তা করা, হাতে গরম লাগলে দ্রুত হাত সরিয়ে নেওয়া ইত্যাদি ঘটে বিভিন্ন উদ্দীপকের কার্যকারিতার ফলে যা স্নায়ুতন্ত্র দ্বারা নিয়ন্ত্রিত।

প্রশ্ন ১৫ ৥ সেরিব্রামের কাজ লেখ।

উত্তর : সেরিব্রাম আমাদের চিন্তা, চেতনা, জ্ঞান, স্মৃতি, ইচ্ছা, বাকশক্তি ও ঐচ্ছিক পেশির কার্যকলাপ নিয়ন্ত্রণ করে। কোনো উদ্দীপকের প্রতি কী ধরনের সাড়া দিতে হবে সে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে।

প্রশ্ন ১৬ ৥ নিউরনের কাজ লেখ।

উত্তর : নিউরনের প্রধান কাজ উদ্দীপনা বহন করা এবং অনুভূতিবাহী নিউরন গ্রাহক অঙ্গ থেকে কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রে এবং মোটর বা আঞ্জাবাহী নিউরন স্নায়ুতন্ত্র থেকে কার্যকরী অঙ্গে উদ্দীপনা প্রেরণ করে।

প্রশ্ন ১৭ ৥ ডোপামিন বলতে কী বোঝায়?

উত্তর : স্নায়ুকোষ এক ধরনের নির্ধাস তৈরি করে থাকে, যাকে ডোপামিন বলে।

ডোপামিন শরীরের পেশির নড়াচড়ায় সাহায্য করে। মস্তিষ্ক ডোপামিন তৈরির কোষসমূহ নষ্ট হয়ে গেলে পারকিনসন রোগ হয়। ফলে মাংসপেশি তার কার্যকারিতা হারায়।

প্রশ্ন ১৮ ৥ মেডুলা অবলংগাটার ২টি কাজ লেখ।

উত্তর : মেডুলা অবলংগাটার ২টি কাজ নিচে দেওয়া হলো। যথা :

---

(i) মেডুলা অবলংগাটা খাদ্য গলাধঃকরণ, হৃৎপিণ্ড, ফুসফুস, গলবিল প্রভৃতির কাজ নিয়ন্ত্রণ করে।

(ii) এই স্নায়ুগুলো শ্রবণ ও ভারসাম্য রক্ষায় কাজ করে।

প্রশ্ন ১৯ ৥ স্ট্রোকের লক্ষণগুলো লেখ।

উত্তর : স্ট্রোকের লক্ষণ হঠাৎ করেই প্রকাশ পায়। নিচে লক্ষণগুলো দেওয়া হলো :

(i) বমি ও প্রচণ্ড মাথাব্যথা।

(ii) কয়েক মিনিটের মধ্যে রোগী সংজ্ঞা হারায়।

(iii) ঘাড় শক্ত হয়ে যেতে পারে।

(iv) মাংসপেশি শিথিল হয়ে যায়।

(v) শ্বসন ও নাড়ির স্পন্দন কমে যায়।

(vi) মুখমণ্ডল লালবর্ণ ধারণ করে।